

উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়

রায়পুর, লক্ষ্মীপুর ।

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কীয় কমিটির সমন্বয় সভার কার্য বিবরণী।

সভাপতি : জনাব হাজী মাজেদা বেগম।

তারিখ ও সময় : ১৬/০৩/২০২২ ইং বেলা ০৩:৩০ ঘটিকা।

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের (মহিলা) কার্যালয়, উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর।

উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট "ক"

ক্রমিক নং	নাম	ঠিকানা	কমিটির পদবী	উপস্থিতির স্বাক্ষর
০১	জনাব হাজী মাজেদা বেগম	ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রায়পুর	সভাপতি	
০২	জনাব মোঃ সহিদ উল্যা বি এস সি	চেয়ারম্যান, ১নং উত্তর চর আবাবিল ইউনিয়ন পরিষদ, রায়পুর	সদস্য	
০৩	জনাব আবুল হোসেন	চেয়ারম্যান, ২নং উত্তর চরবংশী ইউনিয়ন পরিষদ, রায়পুর	সদস্য	
০৪	জনাব মোঃ শফিক পাঠান	চেয়ারম্যান, ৩নং চরমোহনা ইউনিয়ন পরিষদ, রায়পুর	সদস্য	
০৫	জনাব এ কে এম সাইফুল হক	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর	সদস্য সচিব	

আলোচ্য সূচী :

বিগত কমিটির সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে আলোচনা ;

আগামী ২৬মার্চ /২০২২ স্বাধীনতা দিবস পালন সম্পর্কে আলোচনা ;

আগামী ০১লা বৈশাখ/১৪২৯ বাংলা নববর্ষ সীমিত পরিসরে পালন সম্পর্কিত আলোচনা
বিবিধ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় সভাপতির অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য সচিব বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। সভায় বিগত সভার কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অন্য সভায় ০২, ০৩, ০৪ নং বিষয় নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। আগামী ২৬মার্চ /২০২২ স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সভাপতি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শহীদদের জন্য মিলাদ ও দোয়া মাহফিল এবং দিবসটি উপলক্ষে প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। আগামী ০১লা বৈশাখ/১৪২৯ বাংলা নববর্ষ সীমিত পরিসরে পালনের জন্য সভাপতি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের বাংলা নববর্ষ/১৪২৯ সীমিত পরিসরে উদযাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

হাজেদা বেগম
(হাজী মাজেদা বেগম) ১৬/০৩/২০২২

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কীয় কমিটি
রায়পুর, লক্ষ্মীপুর।

তারিখ : ১৬/০৩/২০২২ ইং।

স্মারক নং - উমাশিঅ/রায়/লক্ষ্মী/২০২২/৩০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

- ১। মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-২, রায়পুর, লক্ষ্মীপুর।
- ২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর।
- ৫। জেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর।
- ৬। জনাব, -----বিদ্যালয়/মাদ্রাসা।
- ৭। অফিস কপি।

(এ কে এম সাইফুল হক)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর।